

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১২, ২০১৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৯ বৈশাখ, ১৪২৩/১২ মে, ২০১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৯ বৈশাখ, ১৪২৩ মোতাবেক ১২ মে, ২০১৬ তারিখে
রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ
করা যাইতেছে :—

২০১৬ সনের ২০ নং আইন

**The Prime Minister's (Remuneration and Privileges) Act, 1975 এর
অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে The Prime Minister's (Remuneration and
Privileges) Act, 1975 (Act No. IX of 1975) এর অধিকতর সংশোধন সমীচীন ও
প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন The Prime Minister's
(Remuneration and Privileges) (Amendment) Act, 2016 নামে অভিহিত হইবে।

(২) এই আইনের ধারা ২, ১ জুলাই, ২০১৫ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে
এবং ধারা ৩, ৪, ৫ ও ৬, ১ জুলাই, ২০১৬ তারিখ হইতে কার্যকর হইবে।

(৭৪০৭)
মূল্য : টাকা ৮.০০

২। Act No. IX of 1975 এর section 3 এর সংশোধন —The Prime Minister's (Remuneration and Privileges) Act, 1975 (Act No. IX of 1975), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 3 তে উল্লিখিত “58,600” সংখ্যা ও কমার পরিবর্তে “1,15,000” সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে।

৩। Act No. IX of 1975 এর section 6 এর সংশোধন —উক্ত Act এর section 6 এর sub-section (2) তে উল্লিখিত “50,000” সংখ্যা ও কমার পরিবর্তে “1,00,000” সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে।

৪। Act No. IX of 1975 এর section 9 এর সংশোধন —উক্ত Act এর section 9 এ উল্লিখিত “1,000” সংখ্যা ও কমার পরিবর্তে “3,000” সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে।

৫। Act No. IX of 1975 এর section 11 এর সংশোধন —উক্ত Act এর section 11 এ উল্লিখিত “14,00,000” সংখ্যা ও কমাসমূহের পরিবর্তে “25,00,000” সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে।

৬। Act No. IX of 1975 এর section 15 এর সংশোধন —উক্ত Act এর section 15 এর sub-section (1) এ উল্লিখিত “1,00,00,000” সংখ্যা ও কমাসমূহের পরিবর্তে “1,50,00,000” সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে।

ড. মোঃ আব্দুর রব হাওলাদার
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd